

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(সাম্মানিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-202

(আধুনিক বাংলা কাব্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এ কয়টি সর্গ আছে? প্রথম সর্গের নাম কী? ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গে মধুসূদনের লিরিক প্রতিভার চূড়ান্ত প্রকাশ ঘটেছে—আলোচনা করো।
- ১+১+১২=১৪

অথবা

- (খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর অন্তর্গত “আমি কি ডরাই সখী ভিখারী রাখবে!” উক্তিটি কার? ‘ভিখারী রাখবে’ বলতে কাকে বোঝানো হয়েছে? পঠিত অংশ অবলম্বনে রাবণ চরিত্র চিত্রণ করো।
- ১+১+১২=১৪

J9/1314

(Turn Over)

- ২। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘কল্পনা’ কাব্যের প্রকাশকাল কত? এর পূর্ববর্তী যে কোনো একটি কাব্যের নাম লেখো। ‘রবীন্দ্রনাথ তাঁর ‘বর্ষামঙ্গল’ কবিতায় বর্ষা-প্রকৃতির সঙ্গে মানবমনের এক অনুপম মার্ধুরী উন্মোচন করেছেন।’ এই মন্তব্যের আলোকে ‘বর্ষামঙ্গল’ কবিতার রূপসৌন্দর্য ও ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ১+১+১২=১৪

অথবা

- (খ) ‘কল্পনা’ কাব্যের ‘মদনভস্মের পূর্বে’ ও ‘মদনভস্মের পরে’ কবিতা দুটিতে বর্ণিত মদন কে? তাঁকে কে ভস্ম করেছিলেন? “যাহা আগে ছিল ব্যক্তির, তাহা এখন হইয়া উঠিয়াছে বিশ্বের ও সর্বের, সেটা এমন অনির্বচনীয় ভাবে গিয়া পৌঁছিয়াছে।” এই মন্তব্যের আলোকে কবিতা দুটির ভাবার্থ বিশ্লেষণ করো।
- ১+১+১২=১৪

- ৩। (ক) সুভাষ মুখোপাধ্যায়ের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। ‘একটি কবিতার জন্য’ কবিতাটি সংকেতধর্মী; এখানে আগামীদিনের শোষণমুক্ত সমাজকে কবি ব্যঞ্জিত করেছেন কবিতার রূপকে। আর এই সমাজ রচনার জন্য আহ্বান জানিয়েছেন সংগ্রামের।” কবিতাটি আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও।
- ২+১২=১৪

অথবা

- (খ) ‘অবনী বাড়ি আছে’ কবিতাটি কার রচনা? কবির ছদ্মনাম কি ছিল? কবিতাটির ভাববস্তু ও কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ১+১+১২=১৪

J9/1314

(Continued)

৪। সংক্ষিপ্ত টীকা লেখো/সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

৪×২=৮

(ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে রাবণ রাজসভার চিত্র

(খ) প্রমীলা

(গ) “হেনকালে হাতে দীপশিখা
ধীরে ধীরে নামি এলো মোর মালবিকা।”

উদ্ধৃতিটির গভীরে মালবিকার যে সৌন্দর্য বর্ণিত হয়েছে
তা উল্লেখ করো।

(ঘ) ‘দুঃসময়’ কবিতার কবিমানস

(ঙ) ‘উটপাখি’ কবিতার নামকরণ
